# মেসির জোড়া গোলে ইন্টার মায়ামি প্লে-অফে সেমিফাইনালে



সংগৃহীত ছবি

ইন্টার মায়ামি প্লে-অফে নিজের সেমিফাইনাল যাত্রা নিশ্চিত করল মেসির জোড়া গোলে ন্যাশভিলকে ৪-০ গোলে হারিয়ে। ম্যাচের সবগুলো গোলেই ছিলেন আর্জেন্টাইন সুপারস্টার লিওনেল মেসি। এছাড়া, পেশাদার ক্যারিয়ারে ৪০০টি অ্যাসিস্টের কৃতিত্ব তিনি এককভাবে অর্জন করেছেন।

ম্যাচের মাত্র দশম মিনিটে একক প্রচেষ্টায় প্রথম গোলটি করেন মেসি। মাঝমাঠ থেকে বল নিয়ে চার ডিফেন্ডারকে উল্টে, ডি বক্সের বাইরে থেকে নিখুঁত শটে জালে বল পাঠান।

৩৯তম মিনিটে মাতেও সিলভেত্তির ব্যাকপাসকে কাজে লাগিয়ে রেকর্ড আটবারের বর্ষসেরা ফুটবলার ব্যবধান দ্বিগুণ করেন। এরপর ৭৩ মিনিটে জর্দি আলবারের ব্যাক পাস থেকে স্কোরশিটে নাম লেখান আলেন্দে।

এর মাত্র কয়েক মিনিটের মধ্যে মেসির বাড়ানো বল থেকে আলেন্দে নিজের দ্বিতীয় গোল নিশ্চিত করেন। এই জয়ের সঙ্গে ইন্টার মায়ামি আত্মবিশ্বাসীভাবে সেমিফাইনালে প্রবেশ করল।

LENS ASIA